"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গবেষণা ও উন্নয়ন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৬.০৩.০০৪.২১-৮৯

তারিখ: ১৪ শ্রাবণ,১৪২৮ / ২৯ জুলাই,২০২১

বিষয়: ২০২১ সালের দাখিল পরীক্ষার্থীদের জন্য প্রণীত সংশোধিত অ্যাসাইনমেন্ট গ্রিড প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর স্মারক নং: ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.২০/১১৫১; তারিখ: ১৮ জুলাই, ২০২১ খ্রি.
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-এর স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০৬.০৩.০০৪.২১-৭৯; তারিখ: ১৮ জুলাই, ২০২১ খ্রি.
(৩) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর স্মারক নং: ৩৭.০৬.০০০০.৪০৩.৭৪.০০১.২১.১; তারিখ: ২৯ জুলাই, ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ অতিমারির কারণে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) কর্তৃক প্রেরিত ২০২১ সালের দাখিল পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রণয়নকৃত প্রথম ধাপে ০৪ (চার) সপ্তাহের অ্যাসাইনমেন্ট ও অ্যাসাইনমেন্ট গ্রিড প্রেরণ করা হয় (সূত্রোক্ত ১)। তৎপ্রেক্ষিতে অ্যাসাইনমেন্ট গ্রিডের নির্দেশনা মোতাবেক ১ম, ২য় ও ৩য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট ও অ্যাসাইনমেন্ট গ্রিড ওয়েবসাইটে আপলোড করাসহ (সূত্রোক্ত ২) মাদ্রাসার ই-মেইলে প্রেরণ করা হয়। পরবর্তীতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) পুনরায় সংশোধিত অ্যাসাইনমেন্ট গ্রিড প্রেরণ করে (সূত্রোক্ত ৩)। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)'র সংশোধিত অ্যাসাইনমেন্ট গ্রিডের নির্দেশনানুযায়ী ২০২১ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণকারী বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিরভিত্তিতে প্রণীত উচ্চতর গণিত ও জীববিজ্ঞান বিষয়ের অ্যাসাইনমেন্ট করতে হবে না। কিন্তু সূত্রোক্ত ২ নম্বর স্মারকের পূর্বের নির্দেশনা মোতাবেক অন্যান্য বিষয়ের অ্যাসাইনমেন্ট শিক্ষার্থীদের নিকট থেকে জমাগ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) নির্দেশনানুযায়ী ২০২১ সালের দাখিল পরীক্ষার্থীদের জন্য সর্বশেষ পুনর্বিন্যাসকৃত ও সংশোধিত পাঠ্যসূচির আলোকে "সাধারণ, মুজাব্বিদ ও মুজাব্বিদ মাহির বিভাগে"র ক্ষেত্রে ১ম ও ৩য় সপ্তাহে 'হাদিস শরিফ'-এর ১ ও ২ নম্বর অ্যাসাইনমেন্ট এবং 'ইসলামের ইতিহাস/তাজভিদ নসর ও নজম/তাজভিদ'-এর ২য় সপ্তাহে ১ নম্বর অ্যাসাইনমেন্ট এবং "বিজ্ঞান বিভাগে"র ক্ষেত্রে ১ম ও ৩য় সপ্তাহে 'হাদিস শরিফ' ও 'পদার্থবিজ্ঞান'-এর ১ ও ২ নম্বর অ্যাসাইনমেন্ট এবং ২য় সপ্তাহে 'রসায়ন'-এর ১ নম্বর অ্যাসাইনমেন্ট জমাগ্রহণ করতে হবে।

উল্লেখ্য অ্যাসাইনমেন্টসমূহ ০৫ আগষ্ট ২০২১ খ্রি.-এর মধ্যে সুবিধাজনক সময়ে সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে অনুসরণপূর্বক শিক্ষার্থীরা তাদের সম্পন্নকৃত অ্যাসাইনমেন্ট (সরাসরি/অনলাইনে) শিক্ষা প্রতিষ্ঠানে জমা প্রদান করবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সংশোধিত অ্যাসাইনমেন্ট গ্রিড।

২৯/৭/২১
মোঃ জিয়াউল আহসান
পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৯২
ziaulahsan0000@gmail.com

১। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/ সরকারি মোস্তফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।
২। অধ্যক্ষ/সুপার ......... (সকল বেসরকারী মাদ্রাসা)।

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে:
১। বিভাগীয় কমিশনার (সকল)
২। জেলা প্রশাসক (সকল)
৩। আঞ্চলিক উপ-পরিচালক (সকল)
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৫। জেলা শিক্ষা অফিসার (সকল)
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

} তাঁর আওতাধীন সকল দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহে উল্লিখিত বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সদয় জ্ঞাতার্থে:
১। অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২৯/৭/২০২১
মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

## ২০২১ সালের দাখিল পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রণীত অ্যাসাইনমেন্ট গ্রিড

### বিভাগ: সাধারণ, মুজাব্বিদ ও মুজাব্বিদ মাহির

| ক্রমিক নং | বিষয়/ বিষয় গুচ্ছ | সপ্তাহ ওয়ারী বিষয়ের অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | | | | | | | | | | | | অ্যাসাইনমেন্ট সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম সপ্তাহ | ২য় সপ্তাহ | ৩য় সপ্তাহ | ৪র্থ সপ্তাহ | ৫ম সপ্তাহ | ৬ষ্ঠ সপ্তাহ | ৭ম সপ্তাহ | ৮ম সপ্তাহ | ৯ম সপ্তাহ | ১০ম সপ্তাহ | ১১শ সপ্তাহ | ১২শ সপ্তাহ | |
| ১. | কুরআন মাজিদ ও তাজভিদ | | | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | | ৬ | ৭ | ৮ | ৮ |
| ২. | হাদিস শরিফ | ১ | | ২ | | ৩ | ৪ | ৫ | | ৬ | ৭ | | ৮ | ৮ |
| ৩. | ইসলামের ইতিহাস/ তাজভিদ নসর ও নজম/ তাজভিদ | | ১ | | ২ | ৩ | | ৪ | ৫ | ৬ | | ৭ | ৮ | ৮ |
| অ্যাসাইনমেন্ট সংখ্যা | | ১ | ১ | ১ | ২ | ৩ | ২ | ৩ | ২ | ২ | ২ | ২ | ৩ | ২৪ |

### বিভাগ: বিজ্ঞান

| ক্রমিক নং | বিষয়/ বিষয় গুচ্ছ | সপ্তাহ ওয়ারী বিষয়ের অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | | | | | | | | | | | | অ্যাসাইনমেন্ট সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম সপ্তাহ | ২য় সপ্তাহ | ৩য় সপ্তাহ | ৪র্থ সপ্তাহ | ৫ম সপ্তাহ | ৬ষ্ঠ সপ্তাহ | ৭ম সপ্তাহ | ৮ম সপ্তাহ | ৯ম সপ্তাহ | ১০ম সপ্তাহ | ১১শ সপ্তাহ | ১২শ সপ্তাহ | |
| ১. | হাদিস শরিফ | ১ | | ২ | | ৩ | ৪ | ৫ | | ৬ | ৭ | | ৮ | ৮ |
| ২. | পদার্থবিজ্ঞান | ১ | | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | | ৭ | ৮ | | ৮ |
| ৩. | রসায়ন | | ১ | | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | | ৭ | ৮ | ৮ |
| অ্যাসাইনমেন্ট সংখ্যা | | ২ | ১ | ২ | ২ | ৩ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২৪ |

**বিশেষ দ্রষ্টব্য:**

(১) একজন শিক্ষার্থীকে চতুর্থ বিষয় ব্যতীত নির্ধারিত তিনটি বিষয়ের আটটি করে মোট ২৪টি অ্যাসাইনমেন্ট প্রস্তুত করতে হবে;

(২) ‘কুরআন মাজিদ ও তাজভিদ’ বিষয়ের অ্যাসাইনমেন্ট বিজ্ঞান বিভাগ ব্যতিরেকে সাধারণ, মুজাব্বিদ ও মুজাব্বিদ মাহির বিভাগের শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য। অ্যাসাইনমেন্টের বিষয় সম্পর্কে অধিকতর স্পষ্টীকরণের জন্য পরবর্তী পৃষ্ঠায় প্রদত্ত ছক দ্রষ্টব্য।

**ছক: ২০২১ সালের দাখিল পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্টের জন্য বিভাগ ওয়ারী নির্ধারিত বিষয় ও অ্যাসাইনমেন্ট সংখ্যা**

| ক্রমিক নং | বিষয় | বিভাগ | | | |
|---|---|---|---|---|---|
| | | সাধারণ | মুজাব্বিদ | হিফজুল কুরআন | বিজ্ঞান |
| ১. | কুরআন মাজিদ ও তাজভিদ | ৮ | ৮ | ৮ | - |
| ২. | হাদিস শরিফ | ৮ | ৮ | ৮ | ৮ |
| ৩. | ইসলামের ইতিহাস | ৮ | - | - | - |
| ৪. | তাজভিদ | - | - | ৮ | - |
| ৫. | তাজভিদ নসর ও নজম | - | ৮ | - | - |
| ৬. | পদার্থবিজ্ঞান | - | - | - | ৮ |
| ৭. | রসায়ন | - | - | - | ৮ |
| মোট অ্যাসাইনমেন্ট | | ২৪ | ২৪ | ২৪ | ২৪ |